

পরীক্ষা

ঘূর্ণিঝড় মোখার কারণে ৫ শিক্ষা বোর্ডের রোববারের এসএসসি পরীক্ষা স্থগিত

বিশেষ প্রতিবেদক ঢাকা



মোখার কারণে ৫ শিক্ষাবোর্ডের আগামী রোববারের এসএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে *প্রথম আলো ফাইল ছবি*

ঘূর্ণিঝড় মোখার কারণে পাঁচ শিক্ষা বোর্ডের এসএসসি ও সমমানের আগামী রোববারের (১৪ মে) পরীক্ষা স্থগিত করা হয়েছে। শিক্ষা বোর্ডগুলো হলো চট্টগ্রাম, বরিশাল ও কুমিল্লা এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড। তবে অন্য শিক্ষা বোর্ডের পরীক্ষা হবে।

৫ শিক্ষা বোর্ডের বাইরে অন্য শিক্ষা বোর্ডগুলোর পরীক্ষা যথারীতি আগের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। পাঁচ শিক্ষা বোর্ডের পরীক্ষার তারিখ পরে জানানো হবে

অধ্যাপক তপন কুমার সরকার, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

সব শিক্ষা বোর্ড নিয়ে গঠিত আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার তার এক সংস্করণের সাক্ষাৎকারে এ কথা জানিয়েছেন। তিনি বলেছেন, এই পাঁচ শিক্ষা

বোর্ডের বাইরে অন্য শিক্ষা বোর্ডগুলোর পরীক্ষা যথারীতি আগের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। আর এ পাঁচ শিক্ষা বোর্ডের পরীক্ষার তারিখ পরে জানিয়ে দেওয়া হবে।

এর আগে গত বৃহস্পতিবার ঘূর্ণিঝড় মোখার জন্য চলমান এসএসসি ও সমমানের পরীক্ষা নিয়ে শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছিল। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির পক্ষ থেকে এ বিষয়ে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বোর্ড চেয়ারম্যানদের অনুরোধ করা হয়েছিল।

গত ৩০ এপ্রিল থেকে শুরু হয়েছে এসএসসি ও সমমানের পরীক্ষা। সময়সূচি অনুযায়ী ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি ও দাখিলের (ভোকেশনাল) লিখিত পরীক্ষা শেষ হবে ২৩ মে। আর মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিলের লিখিত পরীক্ষা শেষ হবে ২৫ মে। এবার এসব পরীক্ষায় ১১টি শিক্ষা বোর্ডের অধীন এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী পৌনে ২১ লাখ। তবে তাদের মধ্যে ৩০ হাজারের বেশি পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো